



## নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২

পল্লীতলা, নওগাঁ।

### দরপত্র বিজ্ঞপ্তি

০১। নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক পবিস তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী /সরবরাহকারী/ বাপবিবোর্ডের তালিকাভুক্ত প্রতিষ্ঠানের নিকট হইতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে :

টেন্ডার প্যাকেজ নং	ক্রয়তব্যা মালামালের বিবরণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী		দরপত্র দলিলের মূল্য (অফেরৎ যোগ্য)
			গ্রহণ	খোলা	
জি-২০-২১.৭৫.৫৬-০০১	অটোমটিক মুভিং হিটিং চেম্বার	১৪/০৩/২০২১ খ্রি: তারিখ রবিবার হতে ০১/০৪/২০২১ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার (অফিস চলাকালীন) পর্যন্ত	০৪/০৪/২০২১ খ্রিঃ রবিবার বেলা ১১.৩০ ঘটিকা পর্যন্ত।	০৪/০৪/২০২১ খ্রিঃ তারিখ রবিবার বেলা ১১.৩৫ ঘটিকা।	১০০০.০০ (এক হাজার টাকা)
জি-২০-২১.৭৫.৩৬-০০১	ল্যাপটপ, ডেস্কটপ কম্পিউটার, ইউপিএস, প্রিন্টার এবং কম্পিউটার এক্সেসরিজ				১০০০.০০ (এক হাজার টাকা)
জি-২০-২১.৭৫.৯৬-০০২	কম্পিউটার বিদ্যুৎ বিল ফরম				১০০০.০০ (এক হাজার টাকা)
জি-২০-২১.৭৫.৩০-০০১ ও জি-২০-২১.৭৫.৩২-০০১	আসবাবপত্র (কাঠ ও স্টীল)				১০০০.০০ (এক হাজার টাকা)

০২। দরপত্র বিক্রয় ও দাখিলের স্থানঃ (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা অথবা (২) জেনারেল ম্যানেজার, নওগাঁ পবিস-২ এর সদর দপ্তর, পল্লীতলা নওগাঁ এই ঠিকানা হইতে দরপত্র দলিল সংগ্রহ করিতে পারিবেন। দরপত্র উপরে বর্ণিত সময়সীমার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা (২) জেনারেল ম্যানেজার, নওগাঁ পবিস-২ এর সদর দপ্তর, পল্লীতলা, নওগাঁ এই ঠিকানায় দরপত্র পৌঁছাইতে হইবে।

০৩। দরপত্র খোলার স্থানঃ দরপত্র (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লীবিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, পল্লীতলা, নওগাঁ-এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।

০৪। দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, আয়কর, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র, অভিজ্ঞতা সনদ পত্র ও ব্যাংক সলভেন্সী সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

০৫। প্রতিটি দরপত্রের সাথে নওগাঁ পবিস-২ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হইতে জি-২০-২১.৭৫.৫৬-০০১ নম্বর টেন্ডার প্যাকেজের জন্য ১০,০০০, জি-২০-২১.৭৫.৩৬-০০১ নম্বর টেন্ডার প্যাকেজের জন্য ৬০,০০০.০০, জি-২০-২১.৭৫.৯৬-০০২ নম্বর টেন্ডার প্যাকেজের জন্য ২৫০০ ও (জি-২০-২১.৭৫.৩০-০০১ + জি-২০-২১.৭৫.৩২-০০১) নম্বর টেন্ডার প্যাকেজের জন্য ৬০,০০০ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/অপরিবর্তনীয় ব্যাংক গ্যারান্টি দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করিতে হইবে।

০৬। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক সরবরাহকারীকে নওগাঁ পবিস-২ কর্তৃক ক্রেসড চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হইবে। মালামাল নিজ খরচে সমিতির সদর দপ্তরে পৌঁছাইয়া দিতে হইবে। তবে মুসক চালান দাখিল করিলে ভ্যাট কর্তন করা হইবে না।

০৭। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাইতে হইবে।

০৮। অন্যান্য শর্তাবলী দরপত্র দলিলে উল্লেখ রয়েছে। দরপত্রে উল্লেখিত শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে।

০৯। নওগাঁ পবিস-২ কর্তৃকপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ নূরুল ইসলাম সরকার)  
জেনারেল ম্যানেজার।  
নওগাঁ পবিস-২।

১০/০৬/২০২১

১